

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর ত্রৈমাসিক (জানুয়ারি হতে মার্চ ২০২৩) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মশিউর রহমান পরিচালক (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	২৭ মার্চ ২০২৩
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	পরিচালক (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে ২০২২-২৩ অর্থবছরের ৩য় কোয়ার্টার এ সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। সভায় উপপরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) জনাব কামাল মোহাম্মদ রাশেদ সিটিজেন চার্টার এর হালনাগাদকৃত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে আলোচনা করেন। তিনি আরও জানান যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনানুসারে বেতনবিল প্রস্তুত, অভিযোগ প্রতিকার ও তথ্য প্রদান সংক্রান্ত বিষয় সেবা হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত করে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েবসাইটে আপলোড করতে হবে। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

#### সিদ্ধান্ত:

- ১। প্রতি তিন মাস অন্তর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- ২। সেবা প্রদানে দ্রুততার সাথে সেবার মান বজায় রাখা নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান  
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৪২.০৪.০০০০.০০১.২২.০০৪.২২.১১৩

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯


২৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিকল্পনা, আইসিটি বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৩) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা

(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) ডাটা এন্ট্রি অপারেটর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



কামাল মোহাম্মদ রাশেদ  
উপ-পরিচালক